

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

সম্ভাব্য বন্যা থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ
(রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট জেলার জন্য)

প্রকাশের তারিখ: ০৪/১০/২০২৩

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পূর্বাভাস অনুসারে আগামী ২৪ ঘণ্টায় রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট জেলায় বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে এবং তা অব্যাহত থাকতে পারে। তিস্তা নদী সংলগ্ন অঞ্চলসমূহে বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দণ্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো:

- দ্রুত পরিপক্ব ফসল সংগ্রহ করুন।
- জমির আইল উঁচু করে দিন।
- ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
- সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- জরুরি খাদ্য ও অন্যান্য সামগ্রী নীচু এলাকা থেকে উঁচু এলাকায় স্থানান্তরের জন্য নৌকার ব্যবস্থা রাখুন।
- গবাদি পশু ও হাঁস-মুরগী উঁচু জায়গায় রাখুন।
- পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।



(ড. মো: শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪

ইমেইল: kamalmoa@gmail.com